

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৫৬৬


তারিখ: ০২.০৪.২০২৩ খ্রি.

বিষয়: কাস্টমস অটোমেশন সংক্রান্ত গৃহীতব্য কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহে কাস্টমস অটোমেশন সম্পর্কিত নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. গত ১৭.১১.২০২১ খ্রি. তারিখে ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/২১৮ নং স্মারকমূলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কর্মকর্তাগণের কার্যপরিধি “Scope of work” সকল পর্যায়ের কর্মকর্তাগণের মাঝে বিতরণ নিশ্চিতকরণ;
২. অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংক্রান্ত সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্ব স্ব দপ্তরে সচেতনতামূলক কর্মশালা আয়োজন;
৩. কাস্টম হাউসসমূহের কর্মপরিবেশ উন্নয়ন ও অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সম্পূর্ণ দপ্তরে সিসি টিভি স্থাপন এবং উক্ত সিসি টিভির ল্যান কানেক্টিভিটি, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ল্যান কাস্টম হাউস হতে পৃথকীকরণ;
৪. কোন ভাবেই যেন একজন কর্মকর্তার অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি অন্য কেউ ব্যবহার না করতে পারে তা নিশ্চিতকরণ;
৫. সকল শুদ্ধায়নকারী কর্মকর্তা যেন অন্য কারো সহযোগিতা ব্যতীত শুদ্ধায়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে পারেন সে লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও সময়ে সময়ে ইন-হাউস প্রশিক্ষণ আয়োজন।

০২। উক্ত কার্যক্রম সম্পাদনের পর বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র মারফত অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


02.04.2023
[রাবিবুল হাসান]

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ই-মেইল-ss.asycuda@gmail.com

কার্যার্থে:

- ০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি, কমলাপুর/পানগাঁও;
০৭-০৯। কমিশনার অব কাস্টমস, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/ঢাকা (উত্তর);
১০-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/যশোর/খুলনা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী।

অনুলিপি:

- ০১। সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড।